



স্মারক নং: বা:স্কা:কু:জে:রো:২০২৪/৬৭

তারিখঃ ০৬ কার্তিক, ১৪৩১
২২ অক্টোবর, ২০২৪

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল।

বিষয়: ১৮-২০ অক্টোবর, ২০২৪ তারিখে বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার কর্তৃক আয়োজিত জোট-জোট-২০২৪ এর সচিত্র প্রতিবেদন প্রেরণ।

সূত্র: বাঃস্কা(স্পেশাল ইভেন্টস)/৫৯০(৫৭১)/২০২৪, তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২৪।

মহোদয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার কর্তৃক গত ১৮-২০ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত জোট-জোট প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রাম উপলক্ষ্যে গত ১৮ অক্টোবর, ২০২৪ তারিখ কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রামে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রাম উপলক্ষ্যে ১৮ অক্টোবর সকাল ৯:০০ টায় জেলার ০৯টি কলেজ ও মুক্ত রোভার গ্রুপ থেকে ৭০ জন রোভার ও গার্ল-ইন রোভার অংশগ্রহণ করে। উক্ত প্রোগ্রামের সচিত্র প্রতিবেদন প্রেরণ করা হলো

উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সচিত্র প্রতিবেদন।

স্কাউট সেবায় নিয়োজিত

(মোঃ সাইফুল ইসলাম)

যুগ্ম-সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার

০১৭৩৭-৯৮৮৩৩২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার ও জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। কমিশনার, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
- ৩। জেলা রোভার লিডার, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
- ৪। নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
- ৫। সহকারী পরিচালক (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস।
- ৬। অফিস কপি।



১৮-২০ অক্টোবর, ২০২৪ তারিখে বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার কর্তৃক আয়োজিত জোট-জোটি-২০২৪ এর সচিত্র প্রতিবেদন :

বাংলাদেশ স্কাউটস এর নির্দেশনায় ও বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার এর আয়োজনে গত ১৮-২০ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত জোটা-জোটি প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রাম উপলক্ষ্যে গত ১৮ অক্টোবর, ২০২৪ তারিখ কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রামে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রাম উপলক্ষ্যে ১৮ অক্টোবর সকাল ৯:০০ টায় জেলার ০৯টি কলেজ ও মুক্ত রোভার গ্রুপ থেকে ৭০ জন রোভার ও গার্ল-ইন রোভার অংশগ্রহন করে।

কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রামের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সেমিনারে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে জাম্বুরী অন দ্যা এয়ার (JOTA) বিষয়ে সেশন পরিচালনা করেন এ বিষয়ে পারদর্শী হ্যাম অপারেটর জনাব মোঃ স্বাধীন হাসান (S21SWA)। তিনি এ বিষয়ে সেশন পরিচালনার পাশাপাশি অ্যামেচার রেডিও এর বিভিন্ন যন্ত্রাংশ প্রদর্শন করেন ও অ্যামেচার রেডিও এর মাধ্যমে কথা বলার প্রক্রিয়া দেখান। পরে তিনি হাতে কলমে রোভারদেরকে অ্যামেচার রেডিও দিয়ে কল করে অন্য হ্যাম অপারেটরদের সাথে কথা বলেন।

সেশনের পরবর্তী অংশে জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI) বিষয়ে সেশন পরিচালনা করেন বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের যুগ্ম-সম্পাদক ও জোটা-জোটি-২০২৪ এর কুড়িগ্রাম জেলার কো-অর্ডিনেটর জনাব মোঃ সাইফুল ইসলাম, উডব্যাজার। তার সেশনে তিরি scout.org- তে একাউন্ট তৈরি, জোটা-জোটি-২০২৪ এ রেজিস্ট্রেশন, লগইন, সেফ ফর্ম হার্ম চ্যালেঞ্জে অংশগ্রহনসহ অন্যান্য চ্যালেঞ্জে অংশগ্রহন করার প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করেন। এসময় তিনি রোভারদের এ সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের কমিশনার- জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, এএলটি, সম্পাদক- জনাব এএসএম হাসান-উজ-জামান, সহকারী কমিশনার- জনাব বুখসানা আখতার ও জনাব মোঃ রফিকুল ইসলাম ও জেলার অন্যান্য রোভার লিডারবন্দ।

পরবর্তীতে রোভাররা নিজ উদ্যোগে জাম্বুরীর সকল কার্যক্রম সম্পন্ন করে।

স্কাউট সেবায় নিয়োজিত

(মোঃ সাইফুল ইসলাম)

যুগ্ম-সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার

০১৭৩৭-৯৮৮৩৩২



১৮-২০ অক্টোবর, ২০২৪ জোটা-জোটা-২০২৪
উপলক্ষ্যে বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা
রোভারের বিভিন্ন কার্যক্রমের স্থিরচিত্র





অংশগ্রহনকারীদের গ্রুপ ছবি






জোট বিষয়ে সেশন



জোটি বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ



অ্যামেচার রেডিও গুর মাধ্যমে যোগাযোগ



অ্যামেচার রেডিও গুর মাধ্যমে যোগাযোগ